দৈনিক ইত্তেফাক

তারিখ 02 JUN 1994
পৃষ্ঠা ১ কলাম ৮

122

সরকারী কলেজ শিক্ষক

# সংরক্ষিত ২০ ভাগ পদে পদোন্নতির আশ্বাস

ইত্তেফাক রিপোর্ট ॥ কলেজ শিক্ষকদের চারটি জাতীয় সংগঠনের ১৫ জন কেন্দ্রীয় নেতা সোমবার শিক্ষামন্ত্রী জমিরউদ্দিন সরকারের সহিত পৌনে এক ঘন্টা স্থায়ী আলোচনায় কলেজ শিক্ষকদের অবশিষ্ট দাবী-দাওয়া পূরণের আহ্বান জানান। শিক্ষা-

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## সরকারী কলেজ শিক্ষক

(১ম পৃঃ পর)

মন্ত্রী ২০ শতাংশ সংরক্ষিত পদ পদোন্নতির মাধ্যমে পূরণের কাজ সহসা শুরু করার আশ্বাস দেন। ১০ দিনের মধ্যে এ পদোন্নতি দান শুরু হইবে বলিয়া মন্ত্রণালয়সূত্রে আভাস পাওয়া গিয়াছে। অধ্যাপক সমিতির আবদুল মজিদ ও মমতাজ বেগম, বিসিএস সাধারণ শিক্ষা সমিতির গুলশান আরা ও সিদ্দিকুর রহমান প্রভাষক সমিতির ডঃ পারভীন ও আবদুল আউয়াল ছাড়াও বাংলাদেশ সরকারী শিক্ষক সমিতির মুজাফফর হোসেন আলোচনায় যোগ দেন। ১৪ই জুন দুপুরে মন্ত্রণালয়ে এ ব্যাপারে পরবর্তী বৈঠক অনুষ্ঠিত হইবে।